

১৪. “স্মৃতি”

আমার পথ চলা এখন অনেকটা ছন্দহীন
কখনও গতিহারা, দিশেহারা কপুতের মতো,
হতবাক হয়ে যাই।

তুলিদের বাগান থেকে আনা দেবদারু গাছটি

অনড় দৃষ্টি দিয়ে দেখেছে, তোমার-

আমার ভালবাসার প্রতিটি মূহর্ত।

সেদিনের সন্ধ্যা

মন্দিরের পেছনের বেদিতে দু’জনে

নিবিড় আলাপনে, চুম্বনে খানিক্ষণ।

সন্ধ্যা দীপশিখা হাতে

তোমাকে দেখতে কি মধুময় লাগতো,

পৃথিবীর তাবৎ সুন্দর

এ সৌন্দর্যের কাছে হার মানে।

প্রতিটি সন্ধ্যা এলে তোমার আমার

এ অভিসার চলতো।

প্রেমের এ হারানু স্মৃতি পটে

হৃদয় দেয়া-নেয়ার মাঝে

মধুর আলাপনে আমরা হারিয়ে যেতাম

ভালবাসার দ্রৌঞ্চদ্বীপে।